



প্রতিশ্রুতি বাস্তবায়নে অটল থাকার অঙ্গীকার প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নির্বাচনী অঙ্গীকার থেকে একচুলও সরে না যাওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দেশে এখন জনগণের প্রতিনিধিত্বশীল সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং সরকার জনগণের কাছে দায়বদ্ধ।

মঙ্গলবার বনানীর টিঅ্যান্ডটি মাঠে ফ্যামিলি কার্ডের পাইলট বিতরণ উদ্বোধনে তিনি জানান, দেশের অগ্রগতিতে নারীর ক্ষমতায়ন অপরিহার্য। অতীতে খালেদা জিয়া নারীদের বিনামূল্যে শিক্ষার উদ্যোগ নিয়েছিলেন, আর বর্তমান সরকার নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে কাজ করছে। সেই উদ্যোগের অংশ হিসেবে সারাদেশে ফ্যামিলি কার্ড বিতরণ শুরু হয়েছে; পাইলট কর্মসূচিতে যুক্ত হয়েছে ৩৭ হাজার নারী।

কড়াইল, ভাসানটেক ও সাততলা এলাকায় প্রায় ১৫ হাজার নারী কার্ড পেয়েছেন উল্লেখ করে তিনি বলেন, ধাপে ধাপে দেশের ৪ কোটি পরিবারকে এই সুবিধার আওতায় আনা হবে। দায়িত্বশীল সরকার হিসেবে কাজ ও জবাবদিহি নিশ্চিত করাই লক্ষ্য।

তিনি আরও জানান, কৃষি কার্ড কর্মসূচিও শুরু হয়েছে। আগামী মাসের মধ্যেই কৃষকদের হাতে কার্ড পৌঁছে দেওয়া হবে। পাশাপাশি ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিক্ষণ সুদসহ মওকুফের প্রতিশ্রুতিও ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে।